বিএনপির ছেড়ে দেওয়া ছয় সংসদীয় আসনে প্রার্থী ৫৩ জন

বিএনপির ছেড়ে দেওয়া ছয়টি সংসদীয় আসনে ৫৩ জন প্রার্থী হয়েছেন। এর মধ্যে ঠাকুরগাঁও-৩ আসনে ছয়জন, বগুড়া-৪ আসনে ৯ জন, বগুড়া-৬ আসনে ১৩ জন, চাঁপাইনবাবগঞ্জ-২ আসনের ৬ জন, চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনে ৬ জন ও ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে ১৩ জন মনোনয়নপত্র দাখিল করেছেন। বিএনপির সাবেক সংসদ সদস্য আবদুস সাত্তার ভূঞা ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে স্বতন্ত্র প্রার্থী হয়েছেন।

বৃহস্পতিবার এসব আসনে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ছিল। রাতে নির্বাচন কমিশন প্রার্থিতার এসব তথ্য জানিয়েছে।

ইসির তথ্য অনুযায়ী, বগুড়া-৬, চাঁপাইনবাবগঞ্জ-২ ও চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনে আওয়ামী লীগের প্রার্থী রয়েছেন। বাকি দুই আসনে সরকারি দলের কোনো প্রার্থী নেই। ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে বিএনপির সাবেক সংসদ সদস্য আবদুস সাত্তার ভূঞা প্রার্থী হলেও সেখানে আওয়ামী লীগের প্রার্থী নেই। তবে জাতীয় পার্টির মো. আব্দুল হামিদ এ আসনে প্রার্থী হয়েছেন।

আগামী ১ ফেব্রুয়ারি এসব আসনে ভোটগ্রহণ হবে। প্রার্থীদের মনোনয়নপত্র বাছাই হবে ৮ জানুয়ারি। প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ১৫ জানুয়ারি।

পীরগঞ্জ (ঠাকুরগাঁও): ঠাকুরগাঁও-৩ (পীরগঞ্জ-রানীশংকৈল) আসনের উপ-নির্বাচনে ৬ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। জেলা নির্বাচন কর্মকর্তা সফিকুল ইসলাম জানান, পীরগঞ্জ উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সহকারী রিটার্নিং অফিসারের দপ্তরে ১৪ দলীয় জোটের প্রার্থী ওয়ার্কার্স পার্টির অধ্যাপক ইয়াসিন আলী ও বাংলাদেশ ন্যাশনাল ফ্রন্ট (বিএনএফ) এর সিরাজুল ইসলাম এবং জেলা নির্বাচন কর্মকর্তার দপ্তরে পার্টির হাফিজ উদ্দিন আহম্মেদ, জাকের পার্টির এমদাদ হোসেন, ন্যাশনাল পিপলস্ পার্টির (এনপিপি) সাফি আল আসাদ ও স্বতন্ত্র প্রার্থী অধ্যক্ষ গোপাল চন্দ্র রায় মনোনয়নপত্র জমা দিয়েছেন।

আশুগঞ্জ (ব্রাহ্মণবাড়িয়া): ব্রাহ্মণবাড়িয়া-২ (আশুগঞ্জ-সরাইল) আসনে ১৩ প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছেন। আশুগঞ্জে ৪ জন

প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন- আশুগঞ্জ উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা বিএনপির সাবেক সভাপতি আবু আসিফ আহমেদ (স্বতন্ত্র), জেলা আওয়ামী লীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মো. মঈন উদ্দিন (স্বতন্ত্র), বেসরকারি শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্টের সদস্য সচিব শাহজাহান আলম সাজু (স্বতন্ত্র) ও জাকের পার্টির মনোনীত প্রার্থী জহিরুল ইসলাম জুয়েল।

সরাইলের দায়িত্বপ্রাপ্ত সহকারী রিটার্নিং অফিসার ও জেলা নির্বাচন অফিসার মো. জিল্লুর রহমান বলেন, বুধবার বিকাল ৪টা পর্যন্ত সরাইলে মোট ৮ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন- জাতীয় সংসদ থেকে সদ্য পদত্যাগকারী পাঁচবারের সাবেক সংসদ-সদস্য ও বিএনপি চেয়ারপারসনের সাবেক উপদেষ্টা (বহিষ্কৃত) উকিল আব্দুস সাত্তার ভূঁইয়া (স্বতন্ত্র), জাতীয় পার্টি থেকে দুবারের সাবেক সংসদ-সদস্য জিয়াউল হক মৃধা (স্বতন্ত্র), জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবুল বারী চৌধুরী (স্বতন্ত্র), জাতীয় পার্টি মনোনীত প্রার্থী আব্দুল হামিদ ভাসানী, যুবলীগ নেতা অ্যাডভোকেট আশরাফ উদ্দিন মন্তু (স্বতন্ত্র) ন্যাশনাল পিপলস পার্টির (এনপিপি) মনোনীত প্রার্থী মো. রাজ্জাক হোসেন, সরাইল উপজেলার চুন্টা গ্রামের বাসিন্দা আব্দুর রহিম (স্বতন্ত্র) ও সরাইল উপজেলার নোয়াগাঁও গ্রামের মো. মোহন মিয়া (স্বতন্ত্র)। এছাড়া ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়ে আশুগঞ্জ দক্ষিণ তারুয়া গ্রামের (রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রলীগ নেতা) শাহ মফিজ স্বতন্ত্র প্রার্থী হিসাবে মনোনয়নপত্র জমা দিয়েছেন।

গোমস্তাপুর (চাঁপাইনবাবগঞ্জ): চাঁপাইনবাবগঞ্জ-২ (গোমস্তাপুর-নাচোল-ভোলাহাট) আসনে ৫ জন মনোনয়নপত্র জমা দিয়েছেন। এর আগে বুধবার আওয়ামী লীগ মনোনীত প্রার্থী জিয়াউর রহমান মনোনয়ন জমা দেন। গোমস্তাপুরে স্বতন্ত্র প্রার্থী হিসাবে আওয়ামী লীগ নেতা রাজশাহী জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মোহাম্মদ আলী সরকার ও গোমস্তাপুর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান খুরশিদ আলম বাচ্চু, জাতীয় পার্টির আ. রাজ্জাক, বিএনএফের নবীউল ইসলাম ও জাকের পার্টির গোলাম মোস্তফা মনোনয়নপত্র জমা দেন।

সূত্র: যুগান্তর

করোনা বিএফ-৭, দর্শনা চেক পোস্টে সতর্কতা জারি!

করোনার নতুন উপধরন বিএফ-৭ ঠেকাতে দামুড়হুদা উপজেলার দর্শনা আর্ন্তজাতিক চেকপোস্টে সতর্কতা জারি করা হয়েছে। সম্প্রতি স্বাস্থ্য বিভাগ থেকে এ সংক্রান্ত নির্দেশনা পাওয়ার পর চেকপোস্টে সতর্ক অবস্থায় রয়েছে হেলথ স্ক্রিনিং বুথ।

দামুড়হুদা উপজেলার দর্শনা চেকপোস্ট সূত্রে জানা যায়, ভারত ফেরত নাগরিকদের র্যাপিড অ্যান্টিজেন টেস্টসহ বিভিন্ন ধরনের পরীক্ষা করা হচ্ছে। যাদের বুস্টারডোজ নেওয়া আছে শুধু তাদেরকেই বাংলাদেশে ঢুকতে দেওয়া হচ্ছে।

চেকপোস্ট সূত্রে আরও জানা যায়, দর্শনা চেকপোস্ট দিয়ে প্রতিদিন প্রায় ২০০ থেকে ৩০০ ভারতীয় পাসপোর্টধারী যাত্রী যাতায়াত করে থাকে। এছাড়া ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস সপ্তাহে ৬ দিন এবং প্রতিদিনই কোনো না কোনো মালবাহী ট্রেন ভারত থেকে দর্শনা বন্দরে আসে। স্থলপথে যেসব ভারতীয় পাসপোর্টধারী যাত্রী যাতায়াত করেন শুধু তাদেরই সতর্কতার সাথে র্যাপিড অ্যান্টিজেন টেস্ট করা হচ্ছে।

দর্শনা সীমান্ত চেকপোস্টে কর্মরত স্বাস্থ্য সহকারী শামীম খানঁ জানান, সম্প্রতি স্বাস্থ্য বিভাগ থেকে করোনার নতুন ধরন বিএফ-৭ সনাক্তে সতর্কতার সাথে কাজ করতে বলা হয়েছে। সে মোতাবেক কাজ করা হচ্ছে। তবে লোকবল সংকটের কারণে কার্যক্রম কিছুটা সমস্যা হচ্ছে।

দর্শনা আর্ন্তজাতিক রেলস্টেশনের পরিদর্শক মীর্জা কামরুল হাসান জানান, আন্তর্জাতিক দর্শনা স্টেশনে ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস সপ্তাহে ৬ দিন যাতায়াত করে। দর্শনা স্টেশনে মাত্র ১৫ মিনিটের বিরতি থাকে। শুধুমাত্র খাবার পরিবেশন ও ত্রুু বদলানোর কাজ শেষে স্টেশন ত্যাগ করে মৈত্রী এক্সপ্রেস। এছাড়া ভারতীয় মালবাহী ট্রেনে যারা চালক ও সহকারী হিসেবে আসেন তারা আধঘণ্টার মধ্যেই দর্শনা ছেড়ে চলে যান।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা, হেলেনা আক্তার নিপা জানান, উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে সতর্কতার সাথে সীমান্তে স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম অব্যাহত আছে। তিনি আরও জানান, দর্শনা চেকপোস্টে স্বাস্থ্য বিভাগ থেকে বর্তমানে ৩ জন পালাক্রমে দায়িত্ব পালন করছেন।

নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠিত করে তার অধীনে সুষ্ঠু নির্বাচন করতে হবে — এ্যাড. নিতাই রায় চৌধুরী

বিএনপির ভাইস চেয়ারম্যান এ্যাড. নিতাই রায় চৌধুরী বলেছেন, পাল্র্◌ামেন্ট বহাল রেখে নির্বাচন পৃথিবীর কোথাও নেই। একজন এমপি থেকে নির্বাচন করবেন আরেকজন এমপি না হয়ে নির্বাচন করবেন, যে কারণে আমরা ২০১৪ সালের নির্বাচন বয়কট করেছি, ২০১৮ সালের নির্বাচনও বয়কট করেছি। তাই আগামী নির্বাচনের আগেই পার্লামেন্ট ভেঙে দিয়ে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠিত করে তার অধীনে সুষ্ঠু নির্বাচন করতে হবে।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরে বিএনপি ঘোষীত যুগপৎ আন্দোলনের ১০ দফা ও রাষ্ট্র কাঠামো মেরামতের রুপরেখা নিয়ে ব্যাখ্যা ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

বিএনপির আন্দোলন ব্যর্থতে পরিণত হয়েছে সাংবাদিকদের এ প্রশ্নের জবাবে নিতাই রায় চৌধুরী বলেন, পাগলে কিনা বলে ছাগলে কিনা খাই. আওয়ামী লীগ নেতাদের এখন এই অবস্থা। দেশের ৮০ ভাগ জনগণ তাদের এ ধরণের বক্তব্য ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছে। গত ১৫ বছর ধরে আমাদের ইফাতারপার্টি করতে দেওয়া হয়নি, মানববন্ধন করতে দেওয়া হয়, কোন সমাবেশ করতে দেওয়া হয়নি। ইফতার পার্টি থেকে, মানববন্ধন থেকে আমাদের নেতাকর্মীদের ধরে নিয়ে যাওয়া হয়েছে। আমাদের সোনার ছেলেদের গুম করা হয়েছে। আমাদের সমাবেশ করা, হরতাল আহবান করা,

ঘেরাও করা সাংবিধানিকভাবে গণতান্ত্রিক অধিকার। সেগুলো তারা হরণ করে এখন ভুলভাল বক্তব্য দিয়ে বেড়াচ্ছে। বিএনপি একটি গণতান্ত্রিক রাজনৈতিক দল। তাই গণতান্ত্রিক ব্যবস্থায় পার্লামেন্ট ভেঙে দিয়ে নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধিনে নির্বাচন দিতে হবে।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএনপির কেন্দ্রীয় কমিটির সহ সাংগঠনিক বাবু জয়ন্ত কুমার কুণ্ডু, জেলা বিএনপির সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, সিনিয়র সহসভাপতি জাভেদ মাসুদ মিল্টন, ইলিয়াস হোসেন, সহসভাপতি আলমগীর খান ছাতু, আব্দুর রহমান। আলোচনা সভায় মেহেরপুর জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

হাড় কাঁপানো শীতে কাবু জনজীবন

বৈজ্ঞানিক হিসাব অনুযায়ী বর্তমানে কেবল শ্রীমঙ্গল আর ঈশ্বরদীতে শৈত্যপ্রবাহ চলছে। বুধবার দেশের সর্বনিম্ন তাপমাত্রা ৯ ডিগ্রি সেলসিয়াস ছিল শ্রীমঙ্গলে।

আর ঈশ্বরদীতে ছিল ১০ ডিগ্রি। এছাড়া আর কোথাও শৈত্যপ্রবাহ পরিস্থিতি বিরাজ করছে না। কিন্তু এরপরও অনুভূত হচ্ছে বেজায় শীত।

শীতল সমীরণ, যা হাড় কাঁপিয়ে দিচ্ছে। ঢাকায় মঙ্গলবারের তুলনায় বুধবার শীতের অনুভূতিও বেশি ছিল। কনকনে শীতে মানুষের স্বাভাবিক জীবনযাপন বিপর্যয়ের মুখে পড়েছে।

বিশেষ করে খেটে খাওয়া ও অসহায় মানুষের দুর্ভোগের সীমা নেই। শীত নিবারণে মানুষকে বিভিন্ন স্থানে আগুন পোহাতে দেখা গেছে। পাশাপাশি বেড়েছে সোয়েটার, জ্যাকেট, শাল-চাদর, মাফলার-কানটুপিসহ গরম জামা-কাপড়ের কদর। ফলে বাজারে গরম পোশাকের চাহিদা বেড়েছে। রাজধানীসহ দেশের বিভিন্ন স্থান থেকে এসব তথ্য পাওয়া গেছে।

কিন্তু এমন অবস্থা কেন-এই প্রশ্নের জবাবে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের (বিএমডি) আবহাওয়াবিদ খোন্দকার হাফিজুর রহমান বলেন,

শৈত্যপ্রবাহ না থাকলেও তীব্র শীত অনুভবের কয়েকটি কারণ থাকতে পারে।

এগুলোর মধ্যে অন্যতম হচ্ছে বাতাসের গতি এবং সর্বনিম্ন ও সর্বোচ্চ তাপমাত্রার পার্থক্য ১০ ডিগ্রির নিচে নেমে যাওয়া।

এছাড়া কুয়াশার প্রকোপ, সূর্যের স্বল্পস্থায়ী কিরণকাল কিংবা একেবারেই সূর্যের মুখ দেখতে না পাওয়ার ওপরও শীতের তীব্রতা নির্ভর করে।

বাতাসের গতি বেশি থাকলেও শীতের অনুভূতি ও প্রকোপ বেশি মনে হয়। বর্তমানে প্রকৃতিতে এ পরিস্থিতি বিরাজ করছে। সাধারণত শীতে সবচেয়ে বেশি কাবু হয়ে থাকে বয়স্ক মানুষ এবং শিশুরা। অনেকেই এই সময়ে শীতজনিত ডায়রিয়া, সর্দি-জ্বর প্রভৃতিতে ভুগে থাকে। শীতের উল্লিখিত পরিস্থিতির মধ্যেই আবার বঙ্গোপসাগরে অবস্থান করছে মৌসুমি লঘুচাপ। দক্ষিণ বঙ্গোপসাগরের এই লঘুচাপের বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত। এছাড়া উপমহাদেশীয় উচ্চচাপবলয়ের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বাংলাদেশে অবস্থান করছে।

এসব বাহ্যিক কারণও শীতের অনুভূতি বাড়িয়ে দিয়েছে। বাতাসে জলীয় বাষ্পের পরিমাণও বেশি। অন্যদিকে শীতের পাশাপাশি বেড়েছে কুয়াশার প্রকোপ। রাজধানীসহ দেশের অধিকাংশ এলাকায় দিনেও হালকা থেকে মাঝারি ধরনের কুয়াশা দেখা যাচ্ছে। বুধবার সারা দিন দেখা যায়নি সূর্যের মুখ। ফলে সন্ধ্যায় কুয়াশার ঘনত্ব আরও বেড়ে যায়।

বিশেষ করে গ্রামাঞ্চলে দিনেও ঘন কুয়াশা দেখা যায়। দৃষ্টিসীমা কমে আশায় দুর্ঘটনা এড়াতে ঢাকার বাইরে দিনেও হেডলাইট জ্বালিয়ে যানবাহন চলাচল করছে। এক্ষেত্রে সবচেয়ে বেশি প্রতিবন্ধকতা মোকাবিলা করছে নৌযান। দৌলতদিয়া-পাটুরিয়ায় ৬ ঘণ্টা ফেরি চলাচল বন্ধ ছিল। এছাড়া ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে কুয়াশার কারণে বিমান ওঠানামায় বিঘ্ন ঘটে। যুগান্তর প্রতিনিধি এবং বিএমডি সংশ্লিষ্টরা এসব তথ্য জানিয়েছেন।

আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক যুগান্তরকে বলেন, শৈত্যপ্রবাহ না হওয়া সত্ত্বেও বর্তমানে কনকনে শীত অনুভবের চারটি কারণ আছে। এগুলো হলো-মেঘাচ্ছন্ন আকাশ, সূর্যের স্বল্পস্থায়ী কিরণকাল, কুয়াশার প্রকোপ এবং সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রার কম পার্থক্য। তিনি দৃষ্টান্ত দিয়ে বলেন, ঢাকায় বুধবার সর্বনিম্ন

তাপমাত্রা ছিল ১৪ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস।

আর সর্বোচ্চ তাপমাত্রা ছিল ১৯ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। উভয়ের পার্থক্য মাত্র সাড়ে ৫ ডিগ্রি। ১০ ডিগ্রির নিচে সর্বোচ্চ আর সর্বনিম্ন তাপমাত্রার পার্থক্য যত কমবে, শীতের অনুভূতি তত বেশি হবে। তিনি আরও বলেন, লঘুচাপ পরিস্থিতির কারণে আকাশ মেঘাচ্ছন্ন। মেঘে ঢাকা আকাশ সূর্যের কিরণ ভূপৃষ্ঠে পৌঁছাতে বাধা দেয়।

আবহাওয়াবিদদের মতে, তাপমাত্রা ১০ ডিগ্রির নিচে নামলে এবং ৮ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে থাকলে তাকে মৃদু শৈত্যপ্রবাহ বলে। এছাড়া ৬ থেকে ৮ ডিগ্রিতে নেমে এলে তা মাঝারি আকারের এবং এর নিচে নামলে তীব্র শৈত্যপ্রবাহ। বর্তমানে দেশের দুটি এলাকা শৈত্যপ্রবাহভুক্ত হলেও আগামী কয়েকদিনে এ হাড় কাঁপানো শীতের প্রকোপ আরও বাড়তে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছে বিএমডি। কেননা বঙ্গোপসাগরের লঘুচাপের কারণে জলীয় বাষ্প দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমদিক থেকে লঘুচাপের দিকে ধাবিত হচ্ছে। এতে বৃষ্টি হওয়ার আশঙ্কা আছে। আর তেমনটি হলে শীতের প্রকোপ আরও বাড়বে।

এদিকে বিএমডি ২৪ ঘণ্টার পূর্বাভাসে জানিয়েছে, সারা দেশে রাত ও দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। বিশেষ করে দিন ও রাতের তাপমাত্রার পার্থক্য কমে যাওয়ায় দেশের উত্তর, উত্তর-পশ্চিমাঞ্চলে মাঝারি থেকে তীব্র শীতের অনুভূতি অব্যাহত থাকতে পারে। পূর্বাভাসে বলা হয়, মধ্যরাত থেকে সকাল পর্যন্ত সারা দেশে মাঝারি থেকে ঘন কুয়াশা পড়তে পারে এবং এটি দেশের কোথাও কোথাও দুপুর পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

রাজবাড়ী: দৌলতদিয়া-পাটুরিয়া নৌরুটে মঙ্গলবার রাত ৩টা থেকে ঘন কুয়াশার কারণে ফেরি চলাচল বন্ধ হয়ে যায়। কুয়াশার ঘনত্ব কমে গেলে বুধবার সকাল ৯টা থেকে পুনরায় ফেরি চলাচল শুরু হয়। বিআইডব্লিউটিসির দৌলতদিয়া ঘাট শাখার ব্যবস্থাপক মোহাম্মদ সালাহউদ্দীন এ তথ্য জানিয়েছেন। দৌলতদিয়া ৫ নম্বর ফেরিঘাটের মাছ ব্যবসায়ী মোমিন সেখ বলেন, ভোর থেকে প্রচুর কুয়াশা ও গুঁড়ি গুঁড়ি বৃষ্টি। মহাসড়কে যানবাহনগুলো হেডলাইট জ্বালিয়ে চলাচল করেছে।

সিলেট: সিলেট বিভাগজুড়ে লেগেছে পৌষের শীতের কাঁপন। বিশেষ করে মৌলভীবাজারের পাহাড়ি এলাকা ও সুনামগঞ্জের হাওড়াঞ্চলের অসহায়, দরিদ্র জনগোষ্ঠী চরম দুর্ভোগ পোহাচ্ছেন। চা-বাগানের শ্রমিক,

হাওড়াঞ্চলের জেলে, কৃষক ও শ্রমজীবী লোকজন শীত উপেক্ষা করেই সকালে কাজের তাগিদে ঘর থেকে বের হন। এসব শ্রমজীবী মানুষের খোঁজ নিচ্ছেন না স্থানীয় জনপ্রতিনিধিরা। স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান-মেম্বার থেকে শুরু করে সংসদ-সদস্যরাও ভুলে গেছেন তাদের এই দুর্ভোগের কথা। কিছু কিছু জনপ্রতিনিধি বিভিন্ন ব্যক্তি-প্রতিষ্ঠান ও বেসরকারি সংস্থা প্রদত্ত শীতবস্ত্র বিতরণে অতিথি হিসাবে উপস্থিত থাকলেও তারা নিজেদের উদ্যোগে কোথাও শীতবস্ত্র নিয়ে শীতার্তদের পাশে দাঁড়াননি।

শ্রীমঙ্গল ও কমলগঞ্জ (মৌলভীবাজার): শ্রীমঙ্গল আবহাওয়া দপ্তরের ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. আনিসুর রহমান জানান, বুধবার সকাল ৯টায় শ্রীমঙ্গলে ৯ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে, যা দেশের সর্বনিম্ন তাপমাত্রা?। এছাড়া শ্রীমঙ্গল ও আশপাশের এলাকায় মৃদু শৈত্যপ্রবাহ বয়ে যায়। পর্যাপ্ত গরম কাপড়ের অভাবে নিম্ন-আয়ের মানুষসহ চা-বাগানের শ্রমিকরা কষ্টে আছেন।

কোটালীপাড়া (গোপালগঞ্জ) : তীব্র শীত ও ঘন কুয়াশায় সাধারণ মানুষ ঘর থেকে বের হতে পারছেন না। চরম দুর্ভোগে পড়েছেন দীনমজুর ও নিম্ন-আয়ের মানুষ। ব্যাহত হচ্ছে বোরো আবাদ। উপজেলার কুরপালা গ্রামের হালিম শিকদার বলেন, ভ্যান চালিয়ে আমি আমার সংসার চালাই। দুই দিন ধরে প্রচণ্ড শীত ও কুয়াশার কারণে ভ্যান চালাতে পারছি না। এভাবে চলতে থাকলে আর দুই-একদিন পর আমার সংসার চালানো সম্ভব হবে না।

সূ্ত্র:যুগান্তর

গাংনীতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে ৪৪তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা ও ৭ম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াডের উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার বেলা ১১ টার সময় অনুষ্ঠনের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্ধোধন করেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

‘ ‘ বিদ্যুৎ ও পানির অপচয় রোধ’’ এ প্রতিপাদ্যে উপজেলা প্রশাসন আয়োজিত মেলায় উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভােপিত্ব বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল,গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসারের সঞ্চালনায় ও বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্টপোষকতায় ৪৪তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলায় গাংনী উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১৮টি স্টল প্রদর্শন করা হয়েছে উপজেলা পরিষদ প্রাঙ্গনে।

মুজিবনগরে ৪৪তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ

“ইন্টারনেটে আসক্তির ক্ষতি”এই স্লোগানকে সামনে রেখে, মুজিবনগরে ৪৪ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং ৭ম বিজ্ঞান অলিম্পিয়াড ২০২২ এর উদ্বোধন করা হয়েছে।

বুধবার বেলা ১১ টার দিকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের তত্ত্বাবধায়নে ও বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এবং মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে,মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ফিতা কাটার মধ্যে দিয়ে এ মেলার শুভ উদ্বোধন করেন। পরে মেলার স্থান মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুনুর রশিদ এর সভাপতিত্বে উক্ত উদ্বোধনী ও আলোচনা অনুষ্ঠানে বিশেষ অতিথি

হিসাবে উপস্থিত ছিলেন,মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম।

উপজেলা ৪৪ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান অলিম্পিয়াড মেলায় নতুন নতুন উদ্ভাবনী বৈজ্ঞানিক প্রযুক্তি নিয়ে উপজেলার কলেজ ও মাধ্যমিক বিদ্যালয় মিলে মোট ১৮ টি স্টল অংশ নিয়েছে। অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনায় ছিলেন,উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম।

মেহেরপুরের এসপি রাফিউল আলম পিপিএম পদকে ভূষিত

গুরুত্বপূর্ণ মামলার রহস্য উদ্ঘাটন, অপরাধ নিয়ন্ত্রণ, দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, সততা ও শৃঙ্খলামূলক আচরণের মাধ্যমে প্রশংসনীয় অবদানের জন্য “রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম)”-সেবা” পদেক ভূষিত হলেন মেহেরপুরের পুলিশ সুপার মো” রাফিউল আলম।

আজ মঙ্গলবার রাজধানীর মেট্রোপলিটন রাজারবাগ পুলিশ লাইনস ময়দানে পুলিশ সেবা সপ্তাহ উদ্বোধনী অনুষ্ঠানে তাঁকে এ পদক পরিয়ে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

একই সঙ্গে দেশের ১১৫ সদস্যকে সাহসিকতার পুরস্কার হিসেবে বিপিএম ও পিপিএম পদক প্রদান করা হয়।

মেহেরপুরের পুলিশ সুপার মো: রাফিউল আলম পিপিএম পদকে ভূষিত হওয়ায় জেলা পুলিশের সকল কর্মকর্তারা তাঁকে অভিনন্দন জানিয়েছেন। মেহেরপুর প্রতিদিন পরিবারের পক্ষ থেকেও অভিনন্দন জানিয়েছেন সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু।

নতুন মন্ত্রীপরিষদ সচিব মাহবুব হোসেন

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মো. মাহবুব হোসেন মন্ত্রিপরিষদ সচিব হিসেবে নিয়োগ পেয়েছেন। তিনি বর্তমান মন্ত্রিপরিষদ সচিব কবির বিন আনোয়ারের স্থলাভিষিক্ত হচ্ছেন।

মঙ্গলবার (৩ জানুয়ারি) এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। প্রজ্ঞাপনে নতুন দায়িত্ব দিয়ে মাহবুব হোসেনকে মন্ত্রিপরিষদ বিভাগে বদলির আদেশ জারি করা হয়েছে।

এর আগে, গত ১০ ডিসেম্বর পানিসম্পদ মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব কবির আনোয়ারকে গত মন্ত্রিপরিষদ সচিব করা হয়। মোহাম্মদ খন্দকার আনোয়ারুল ইসলাম অবসরে গেলে দায়িত্ব পান তিনি। ৪ জানুয়ারি বয়স ৫৯ বছর পূর্ণ হওয়ায় নিয়ম অনুযায়ী তিনি অবসরে যাচ্ছেন।

এক প্রজ্ঞাপনে জনপ্রশাসন মন্ত্রণালয় জানিয়েছে, সরকারি চাকরি আইনের ৪৩(১)(ক) ধারা অনুযায়ী ৩ জানুয়ারি তারিখ থেকে কবির বিন আনোয়ারকে সরকারি চাকরি থেকে অবসর দেওয়া হলো। তিনি ১৮ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ এক বছরের অবসরোত্তর ছুটি (পিআরএল) পাবেন এবং বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধা পাবেন।

প্রসঙ্গত, কবির বিন আনোয়ার ১৯৮৮ সালে সহকারী কমিশনার হিসেবে বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগ দেন। ২০১৮ সালে তিনি জ্যেষ্ঠ সচিব হিসেবে পানি সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্ব পান। এর আগে তিনি উপসচিব হিসেবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে এবং অতিরিক্ত সচিব হিসেবে প্রধানমন্ত্রীর কার্যালয়ে মহাপরিচালক (প্রশাসন) পদে কাজ করেছেন।

সূত্র: ইত্তেফাক

চুয়াডাঙ্গায় জাতীয় সমাজসেবা দিবস পালিত

উন্নয়ন সমৃদ্ধির অগ্রযাত্রায়, দেশ গড়ব সমাজসেবায়’ এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে চুয়াডাঙ্গায় জাতীয় সমাজসেবা দিবস-২০২৩ পালন করা হয়েছে।

সোমবার সকালে জেলা প্রশাসন ও সমাজসেবা অফিসের আয়োজনে জেলা প্রশাসকের কার্যালয় থেকে এক বণার্ঢ্য র্যালি বের হয়। র্যালি শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ নাজমুল হামিদ রেজা সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এসময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, দেশের সার্বিক উন্নয়নে সমাজসেবা অধিদপ্তরের বিশেষ গুরুত্ব ভূমিকা রয়েছে। সমাজের পিছিয়ে পড়া মানুষের সার্বক্ষণিক সকল প্রকার সুযোগ-সুবিধা প্রদান এবং তাদের উন্নতির জন্য সার্বিক ভাবে কাজ করে যাচ্ছে সমাজসেবা অধিদপ্তর। বর্তমান সরকার দেশের দুস্থ, দরিদ্র, অসহায় শিশু, প্রতিবন্ধী, কিশোর-কিশোরী, স্বামী পরিত্যক্ত নারী ও প্রবীণ ব্যক্তিসহ সুবিধাবঞ্চিত মানুষের কল্যাণে ব্যাপক কর্মসূচি বাস্তবায়ন করছে। বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, বিধবা ভাতা ও মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বৃদ্ধিসহ বিভিন্ন ভাতা প্রবর্তন করেছে।

তিনি আরও বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশের দুস্থ ও অসহায় মানুষের সেবা নিশ্চিতকল্পে কল্যাণমুখি বিভিন্ন কর্মসূচি চালু করেন।

এর আগে স্বাগত বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক সিদ্দিকা সোহেলী রশিদ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আরাফাত রহমান, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন সহ জেলা-উপজেলা সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা ও

কর্মচারী।

মেহেরপুরে জাতীয় সমাজসেবা দিবস পালিত

মেহেরপুরে জাতীয় সমাজসেবা দিবস ২০২৩ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে আলোচনা সভা, র্যালী, সহায়ক উপকরন ও পুরস্কার বিতরণ করা হয়।

সোমবার সকাল ১১ টার দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনাতনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজী কাদের মোঃ ফজলে রাব্বির সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলাম।

মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা অধিদপ্তর আয়োজিত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন,জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালাম, অতিরিক্ত পুলিশ সুপার আজমল হোসেন।

এছাড়াও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষনা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক বক্তব্য রাখেন।

আলোচনার পরে জাতীয় সমাজসেবা দিবস উপলক্ষে ৫০ জন প্রতিবন্ধীদের মাঝে শীতবস্ত্র, সহায়ক উপকরন ও সমাজসেবা দপ্তরের কর্মকর্তাদের মাঝে সম্মাননা ক্রেস্ট,পুরস্কার,সুবর্ণ কাট ও মোটরসাইকেল প্রদান করা হয়।

আলোচনার আগে জাতীয় সমাজসেবা দিবস ২০২৩ উপলক্ষে একটি র্যালী বের করা হয়। র্যালীটি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু করে প্রধান সড়ক প্রদক্ষিন করে জেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে শেষ হয়।